জনপ্রত্যাশা ও শহিদদের স্বপ্নে সংবিধান সংস্কার: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

জনগণের প্রত্যাশা এবং ছাত্র-জনতার আন্দোলনে প্রাণ হারানো শহিদদের লক্ষ্যকে গুরুত্ব দিয়ে সংবিধান সংস্কারের কথা জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

শনিবার (২৮ মার্চ) রাজশাহীর সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে ৪৩তম বিসিএস (পুলিশ) ব্যাচের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, সংবিধান সংশোধনের ক্ষেত্রে জনগণের আকাঙ্ক্ষা ও গণঅভ্যুত্থানের শহিদদের স্বপ্নকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে। এ প্রক্রিয়ায় রাজনৈতিক দলগুলোর মধ্যে হওয়া ‘জুলাই জাতীয় সনদ’কে ভিত্তি ধরে সমঝোতার মাধ্যমে প্রয়োজনীয় পরিবর্তন আনা হবে।

সংবিধানে স্বাধীনতার ঘোষক হিসেবে জিয়াউর রহমানের নাম অন্তর্ভুক্তির বিষয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, এ ধরনের বিষয়গুলো নিয়ে আলোচনা করতে একটি বিশেষ কমিটি গঠন করা হবে। সেই কমিটিতে বিস্তারিত পর্যালোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হবে।

তিনি আরও বলেন, ‘জুলাই জাতীয় সনদ’কে সামনে রেখে দেশের বর্তমান বাস্তবতা, জনগণের প্রত্যাশা এবং গণঅভ্যুত্থানের শহিদদের আদর্শকে গুরুত্ব দিয়েই সংবিধান সংস্কারের কাজ এগিয়ে নেওয়া হবে।